মডেল প্রশ্ন–৪

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : বাংলা | পূর্ণমান- ১০০

▣ নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩, ৪, ৫ ও ৬নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :

এশিয়া মহাদেশের ম্যাগনেশিয়া নামের একটি জায়গায় মানুষ এক অদ্ভুত পাথরের সন্ধান পেল। আশ্চর্য তার গুণ। দেখা গেল ওই পাথরের রয়েছে লোহা টুকরোকে টেনে ধরার চমৎকার ক্ষমতা। কৌতূহলী মানুষ লোহার সেই পাথরের কাছে নিয়ে বারবার পরখ করে দেখল। প্রত্যেক বারই দেখা গেল অদৃশ্য কোনো এক শক্তিতে পাথর সেগুলোকে কাছে টানছে। আর সেগুলো পাথরের গায়ের সঙ্গে এসে লেপ্টে বসছে। পাথরের এ অদৃশ্য আকর্ষণ শক্তি দেখে মানুষ বিস্মিত হলো। এভাবেই আবিষ্কৃত হলো চুম্বক পাথর। ম্যাগনেশিয়াতে এ পাথর পাওয়া গেল বলে সে জায়গার নাম অনুসারে এই আশ্চর্য পাথরের নাম রাখা হলো ম্যাগনেটাইট। চুম্বকের গুণকে কাজে লাগিয়ে পরে বিজ্ঞানী আর্কিমিডিস আবিষ্কার করেছিলেন এক মহা প্রয়োজনীয় যন্ত্র। সে যন্ত্রকে বলা হয় কম্পাস বা দিগদর্শন যন্ত্র। মূলত প্রতিটি আবিষ্কার বিজ্ঞান জগতে এক একটি বিজয়স্তম্ভ।

১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১ × ১০ = ১০

i. উপরের অনুচ্ছেদটি মূলত যে বিষয় নিয়ে লেখা তা হলো–
ⓚ আবিষ্কারবিষয়ক ⓛ চুম্বকবিষয়ক
ⓖ অদৃশ্য শক্তিবিষয়ক ⓘ অদ্ভুত পাথর বিষয়ক

ii. ম্যাগনেটাইট হলো–
ⓚ স্থান বিশেষ ⓛ অদ্ভুত পাথর
ⓖ অদৃশ্য শক্তি ⓘ ভারি পাথর

iii. বিজ্ঞান যুক্তবর্ণটির 'জ্ঞ' যুক্তবর্ণটিতে আছে–
ⓚ ঞ + জ ⓛ ঋ + ঞ
ⓖ জ্ + ঞ ⓘ গ + ঘ

iv. পাথরটি দেখে মানুষ কৌতূহলী হয়েছিল কারণ–
ⓚ পাথটি প্রাচীন যুগের
ⓛ পাথরটি আগুন জ্বালাতে সাহায্য করে
ⓖ পাথরটি দেখতে খুব সুন্দর
ⓘ পাথরের পাথরের আশ্চর্য ক্ষমতা দেখে

v. চুম্বকের যে গুণ কাজে লাগিয়ে বিজ্ঞানী আর্কিমিডিস দিকদর্শন যন্ত্র আবিষ্কার করেন –
ⓚ আকর্ষণ শক্তি ⓛ বিকর্ষণ শক্তি
ⓖ আলোক শক্তি ⓘ দূরদর্শনশক্তি

vi. কোন জায়গায় অদ্ভুত পাথরের সন্ধান পাওয়া যায়?
ⓚ ম্যাগনেশিয়া ⓛ মালয়েশিয়া
ⓖ ম্যাগলেশিয়া ⓘ ম্যাগনোশিয়া

vii. অদ্ভুত পাথরটির কী আকর্ষণ করার ক্ষমতা রয়েছে?
ⓚ সোনা ⓛ রুপা ⓖ লোহা ⓘ পিতল

viii. আশ্চর্য পাথরের নাম কী ছিল?
ⓚ কষ্টিপাথর ⓛ মার্বেল পাথর
ⓖ ম্যাগনেশিয়া ⓘ ম্যাগনেটাইট

ix. কৌতূহলী মানুষ পাথরের অদৃশ্যশক্তি কীভাবে বুঝতে পারল?
ⓚ বারবার পরখ করে ⓛ চিন্তাভাবনা করে
ⓖ ভেঙে টুকরো করে ⓘ পাথরের আকৃতি দেখে

x. পাথরটির নাম ম্যাগনেটাইট হলো কীভাবে?
ⓚ দেশের নাম অনুসারে
ⓛ জায়গার নাম অনুসারে
ⓖ মহাদেশের নাম অনুসারে
ⓘ আবিষ্কারকের নাম অনুসারে

২. নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। নিচের বাক্যগুলোর শূন্যস্থানের উপযুক্ত শব্দটি উত্তর পত্রে লেখ : ১ × ৫ = ৫

শব্দ	শব্দার্থ
অদ্ভুত	বিস্ময়কর
সন্ধান	খোঁজ করা
আশ্চর্য	অবাক
চমৎকার	তাক লাগায় এমন
কৌতূহল	জানার তীব্র ইচ্ছা
অদৃশ্য	চোখে দেখা যায় না এমন

ক) ছেলেটির বুদ্ধি দেখে আমি — হলাম।
খ) গ্রামের চারদিকের দৃশ্য কী —!
গ) গড়ার দেখতে — প্রাণী।
ঘ) অজানাকে জানতে ভাবুক ছেলেটি — হয়ে উঠল।
ঙ) অনেক খোঁজাখুঁজির পর নৌকাটির — মেলে।

৩. নিচের যুক্তবর্ণগুলো কোন কোন বর্ণ দিয়ে তৈরি তা লেখ এবং প্রদত্ত যুক্তবর্ণ দিয়ে একটি করে শব্দ লেখ :
ন্ধ, ব্র, জ্ঞ, হ্ন, ক্ষ ১ × ৫ = ৫

৪. নিচের কোনটি কোন পদ লেখ : ১ × ৫ = ৫
তার, চমৎকার, হয়, গুণ, আর

৫. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ৫ × ৪ = ২০
ক) পাথরটি দেখে মানুষ কৌতূহলী হওয়ার পাঁচটি কারণ লেখ।
খ) প্রতিটি আবিষ্কার বিজ্ঞান জগতে এক একটি বিজয়স্তম্ভ কেন? বুঝিয়ে লেখ।
গ) অদ্ভুত পাথরটি আবিষ্কৃত হয় কীভাবে? পাঁচটি বাক্যে লেখ।
ঘ) অদ্ভুত পাথরটির নাম ম্যাগনেটাইট হলো কীভাবে? তা পাঁচটি বাক্য লেখ।

৬. প্রবাসজীবনে স্বদেশপ্রেমের বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ। ৫

▣ নিচের অনুচ্ছেদ পড়ে ৭, ৮, ৯ ও ১০নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর দাও :

পৃথিবীতে কোনো অপ্রয়োজনীয় প্রাণী বা বৃক্ষলতা বলতে কিছুই নেই, সবই দরকার। এখন বাংলাদেশে শকুনের সংখ্যা অনেক কমে গেছে। শকুনকে কেউ সুন্দর পাখি বলে না, তার স্বভাব আচার-আচরণও– ভিন্ন। মানুষের অনুপযোগী খাবারকে সে তার খাদ্য হিসেবে বিবেচনা করে, শকুন কেউ পোষে না। অথচ শকুন ক্রমশ বিলুপ্ত হচ্ছে বলে গবেষকগণ চিন্তিত। তাঁরা বলেছেন, মানুষের পক্ষে যা ক্ষতিকর, সেইসব আবর্জনা শকুন খেয়ে ফেলে এবং সে কারণেই আমাদের চারদিকের পরিমণ্ডল বসবাসের যোগ্য রয়েছে। আমরা অস্বাস্থ্যকর পরিবেশ দ্বারা আক্রান্ত হচ্ছি না। ফলে, শকুন সত্যিকার অর্থে মানুষের উপকার ছাড়া অপকার করে না।

৭. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১ × ৫ = ৫

i. শকুনকে কোন ধরনের প্রাণী বলা হয়?
ⓚ সরীসৃপ ⓛ পশু ⓖ পাখি ⓘ মাছ

ii. গবেষক বলতে বোঝায়–
ⓚ চিকিৎসা করেন যিনি ⓛ গবেষণা করেন যিনি
ⓖ বাড়ি নির্মাণ করেন যিনি ⓘ আবিষ্কার করেন যিনি

iii. শকুন না পোষার কারণ কোনটি?
ⓚ ডিম দেয় না ⓛ মাংস খাওয়া যায় না
ⓖ নোংরা পাখি ⓘ গৃহপালিত নয়

iv. শকুনের বিষয়টি নিচের কোন প্রাণীর ক্ষেত্রেও প্রযোজ্য?
ⓚ ক্যাঙ্গারু ⓛ সিংহ ⓖ গড়ার ⓘ বাঘ

v. শকুন কী ধরনের প্রাণী?
ⓚ উপকারী ⓛ অপকারী
ⓖ প্রয়োজনীয় ⓘ অপ্রয়োজনীয়

৮. নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ : ১ + ২ + ২ = ৫
ক) মানুষ কোনটিকে সুন্দর পাখি বলেনা?
খ) 'গবেষকগণের খুব চিন্তিত ও বিমর্ষ হওয়ার কারণ'– ব্যাখ্যা কর।
গ) 'পৃথিবীতে কোনো অপ্রয়োজনীয় প্রাণী বা বৃক্ষলতা বলতে কিছুই নেই'। মন্তব্যটি বিশ্লেষণ কর।

৯. প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ৫
বৃক্ষ, অনুপযোগী, ক্রমশ, বিলুপ্ত, গবেষক।

১০. প্রদত্ত অনুচ্ছেদটির মূলভাব লেখ : ৫

১১. নিচের বাক্যগুলো (প্রদত্ত ভুল শব্দটি) শুদ্ধ করে লেখ : ১ × ৫ = ৫
ক) করি এক ধরনের ছোট্ট সাদা ঝিনুক।
খ) বাংলাদেশ সোনালি আঁসের দেশ।
গ) পদ্দা বাংলাদেশের একটি অন্যতম নদী।
ঘ) পাহাড় প্রকৃতির এক অপরূপ ছোঁয়া।
ঙ) একেবেকে চলেছে অসংখ্য নদী

অথবা, প্রদত্ত অনুচ্ছেদে বিরামচিহ্ন বসাও :
কে হে পড়ার সময় ডাকাডাকি করতে এয়েছ– ও আমি মনে করেছিলুম পাড়ার কোনও ছোকরা বুঝি আপনার কী দরকার

১২. এককথায় প্রকাশ কর : ১ × ৫ = ৫
শান্ত নয় এমন, বিজ্ঞানের জ্ঞান আছে যার, জগত জুড়ে খ্যাত, চোখে দেখা যায় না এমন, কল্পনা করা হয় যে কাহিনি।

অথবা, প্রদত্ত শব্দের সমার্থক শব্দ লেখ :
সমুদ্র, সাহসী, স্বামী, শিশু, রাজা

১৩. ক) কবিতার চরণগুলো সাজিয়ে লেখ : ২
যেথায় পাথা ঘনচ্ছায়া/যেথায় বাঁকা গলি
ওই ও পারের বন,/ নদীতে যায় চলি,
তুমি ভালোবাসো তোমার/পাতার আচ্ছাদন।
খ. কবিতাংশটুকু কোন কবিতার অংশ? ১
গ. কবিতাটির কবির নাম কী? ১
ঘ. ছেলেটি ওই পারের বনকে কেন ভালোবাসে? ১

১৪. বিশ্বসাহিত্য কেন্দ্র থেকে বই গ্রহণের জন্যে নিচের ফরমটি পূরণ কর। ৫

১৫. ২০০ শব্দের মধ্যে নিচের যেকোনো একটি বিষয় অবলম্বনে রচনা লেখ। ১০

ক. বাংলাদেশের প্রাণিজগৎ /সংকেত : *ভূমিকা, গৃহপালিত পশু বা প্রাণী, গরু, ভেড়া, ছাগল,কুকুর ও বিড়াল, বন্য প্রাণী, হরিণ, বাঘ, বানর, জলজ প্রাণী, কুমির, হাঙর, শুশুক, উপসংহার।/*

খ. পরিবেশ দূষণ /সংকেত : *ভূমিকা, পরিবেশ, পরিবেশ দূষণ, শব্দদূষণ, বায়ুদূষণ, পানিদূষণ, মাটি দূষণ, পরিবেশ দূষণ রোধের উপায়, উপসংহার।/*

গ. নায়াগ্রা জলপ্রপাত /সংকেত : *ভূমিকা, অবস্থান, জলপ্রপাত, বিশেষত্ব, বৈশিষ্ট্য, উপসংহার।/*

ঘ. স্বাধীনতা দিবস /সংকেত : *সূচনা, ঐতিহাসিক পটভূমি, স্বাধীনতা দিবস, জাতীয় চেতনায় স্বাধীনতা দিবস, উপসংহার।/*